



বৈষম্য-বিরোধী নীতি সংক্রান্ত সর্বসাধারণের জন্য বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশনের (DOE) নীতি হচ্ছে, সকলকে প্রযোজ্য আইন ও প্রবিধানের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে এবং প্রকৃত বা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, বয়স, বৈবাহিক অবস্থা, অংশিতার অবস্থা, প্রতিবন্ধিতা, লৈঙ্গিক পছন্দ, লিঙ্গ (এতে অন্তর্ভুক্ত প্রকৃত বা ধারণাকৃত লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, গর্ভাবস্থা/গর্ভাবস্থা বা সন্তান প্রসব সংক্রান্ত অবস্থা), সামরিক বাহিনীতে অন্তর্ভুক্ত সংক্রান্ত অবস্থা, বেকারত্বের অবস্থা, পূর্বে গ্রেফতার বা দণ্ডপ্রাপ্তির রেকর্ড, প্রযত্ন প্রদানকারী অবস্থা, কনসিউমার ক্রেডিট হিস্টরি, পূর্ব-অনুরাগী জেনেটিক বৈশিষ্ট্যসমূহ, বেতন প্রাপ্তির ইতিহাস, যৌন অথবা প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত, অথবা গৃহ নির্ধাতন, যৌন আক্রমণ, বা ওঁত পেতে অনুসরণের ভুক্তভোগী হিসেবে স্ট্যাটাস বিবেচনায় না নিয়ে চাকরিতে সমান সুযোগ প্রদান করা এবং যৌন হয়রানি ও প্রতিশোধসহ উপরিলিখিত যে কোনো সংরক্ষিত শ্রেণীর ক্ষেত্রে একটি হয়রানি মুক্ত পরিবেশ বজায় রাখা।

প্রযোজ্য আইন এবং প্রবিধান অনুযায়ী DOE-এর নীতি হচ্ছে প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্ম, বয়স, কৃষ্টি, সম্প্রদায়, জাতিগত পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, লৈঙ্গিক পছন্দ, লিঙ্গ (এতে অন্তর্ভুক্ত প্রকৃত অথবা ধারণাকৃত লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, গর্ভাবস্থা বা সন্তান প্রসব সম্পর্কিত গর্ভাবস্থা/অবস্থাসমূহ), অথবা ওজন সম্পর্কিত উপরিলিখিত সুরক্ষিত শ্রেণী বিন্যাসের ভিত্তিতে বৈষম্য না করে সম শিক্ষা সুযোগ প্রদানসহ যৌন হয়রানি বা প্রতিশোধসহ যেকোনো প্রকার হয়রানী মুক্ত পরিবেশ বজায় রাখা।

এই নীতি প্রণীত হয়েছে সিভিল রাইটস অ্যাক্ট অফ 1964-এর টাইটেল VI ও টাইটেল VII, এডুকেশন অ্যামেন্ডমেন্ট অফ 1972-এর টাইটেল IX, এইজ ডিসক্রিমিনেশন ইন এমপ্লয়মেন্ট অ্যাক্ট অফ 1967, রিহাবিলিটেশন অ্যাক্ট অফ 1973-এর সেকশন 503 ও সেকশন 504, ফেয়ার লেবার স্ট্যান্ডার্ডস অ্যামেন্ডমেন্টস্ অফ 1974, ইমিগ্রেশন রিফর্ম অ্যান্ড কন্ট্রোল অ্যাক্ট অফ 1986, আমেরিকানস্ উইদ ডিসঅ্যাবিলিটিস অ্যাক্ট অফ 1990, সিভিল রাইটস অ্যাক্ট অফ 1991, নিউ ইয়র্ক স্টেট অ্যান্ড সিটি হিউম্যান রাইটস ল অ্যান্ড প্রভিশন অফ অ্যান্টাই-ডিসক্রিমিনেশন ইন কালেকটিভ বাগেনিং এগ্রিমেন্টস্ অফ দ্যা ডিপার্টমেন্ট অফ দ্যা সিটি অফ নিউ ইয়র্ক, অনুসারে।

চ্যান্সেলরের প্রবিধান A-830 কর্মচারী, শিক্ষার্থীর পিতামাতা, শিক্ষার্থী এবং অন্যান্য যারা DOE-এর সঙ্গে ব্যবসা করেন, DOE-এর কর্মী অথবা শিক্ষার্থীর সাথে কাজ করেন, DOE-এর ফ্যাসিলিটি ব্যবহার করেন অথবা অন্য কোনভাবে DOE-এর সঙ্গে সম্পৃক্ত হোন, তারা বেআইনি বৈষম্যের বিরুদ্ধের অভিযোগ, DOE-এর কর্মী অথবা DOE-তে চাকুরিরত নয় কিন্তু DOE-এর কর্মী বা শিক্ষার্থীর সাথে কাজ করেন তাদের দ্বারা হয়রানীর অভিযোগ, অথবা সেধরণের অভিযোগের প্রেক্ষিতে প্রতিশোধের বিরুদ্ধে অভিযোগ করার পদ্ধতি বর্ণনা করে। অফিস অফ ইকুয়াল অপারচুনিটি অ্যান্ড ডাইভার্সিটি ম্যানেজমেন্ট (OEO)-এর সাথে যোগাযোগ করে অথবা নিচের এজেন্সিগুলোর কোনও একটিতে অভিযোগ দায়ের করা যাবে। চ্যান্সেলরের প্রবিধান A-830-এর একটি কপি OEO থেকে কিংবা www.nyc.gov/schools/o eo/ থেকে সংগ্রহ করা যাবে।

DOE-এর তথ্যউপকরণ:

মেইন অফিস:

Office of Equal Opportunity & Diversity Management
New York City Department of Education
65 Court Street
Brooklyn, New York 11201
Tel: 718-935-3320
Fax: 718-935-2531

oeoinquiries@schools.nyc.gov

টাইটেল IX অনুবর্তিতা সংক্রান্ত প্রশ্নাবলী পাঠাতে হবে:

Title IX Coordinator
65 Court Street, Room 200
Brooklyn, NY 11201
Tel: 718-935-4987
[Title IX Inquiries@schools.nyc.gov](mailto:Title_IX_Inquiries@schools.nyc.gov)

সেকশন 504 বিশেষ সুবিধা ব্যবস্থা সম্পর্কিত প্রশ্নাবলী পাঠাতে হবে:

Section 504 Coordinator
Office of School Health
110 William Street, 15th Floor
New York, NY 10038
Tel: 212) 287-0354
504Questions@schools.nyc.gov

বাহ্যিক তথ্য-উপকরণ:

- U.S. ইকুয়াল এমপ্লয়মেন্ট অপারচুনিটি কমিশন, নিউ ইয়র্ক ডিস্ট্রিক্ট অফিস – 33 Whitehall Street 5th Floor, New York, NY 10004 – 212-336-3620
- অফিস ফর সিভিল রাইটস্, নিউ ইয়র্ক অফিস U.S. ডিপার্টমেন্ট অভ এডুকেশন – 32 Old Slip, 26th Floor, New York, NY 10005-2500 – 646-428-3900
- নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হিউম্যান রাইটস – 1 Fordham Plaza – 4th floor, Bronx, NY 10458 – 718-741-8400
- নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস – 22 Reade Street – 1st floor, New York, NY 10007 – 212-306-7450